DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:10 PM

রাজনীতি

# দারিদ্র্য দূরীকরণে বিএনপি সবসময় চ্যাম্পিয়ন ছিল: রিজভী

প্রতিবেদক: ঢাকা প্রোব প্রতিবেদক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৮ সেপ্টেম্বর ২০২৬, ১১:৫৪ AM




বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, বিএনপি ক্ষমতায় থাকাকালে কখনো শেয়ারবাজার লুট হয়নি। দলটির সরকারের সময়ে গ্রামীণ রাস্তাঘাটের উন্নয়নকে গুরুত্ব দেওয়া হয়েছে। মেগা প্রকল্প বা ফ্লাইওভার নির্মাণকে উন্নয়নের মাপকাঠি হিসেবে দেখানো হয়নি। এ কারণে দারিদ্র্য দূরীকরণে বিএনপি সবসময় চ্যাম্পিয়ন ছিল।

সোমবার (৭ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্লাবে সাবেক অর্থমন্ত্রী এম সাইফুর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

রুহুল কবির রিজভী বলেন, বিএনপি সরকারের সময় অনেক সংকট মোকাবিলা করা সম্ভব হয়েছে। এর পেছনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সময়ে একজন যোগ্য অর্থমন্ত্রী হিসেবে সাইফুর রহমানের ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। তিনি ছিলেন আন্তর্জাতিকভাবে সমাদৃত একজন অর্থনীতিবিদ এবং দেশের কৃষিভিত্তিক অর্থনীতির বাস্তবতা হৃদয় দিয়ে অনুভব করতেন।

তিনি বলেন, সাইফুর রহমান অর্থমন্ত্রী থাকাকালে কখনো শেয়ারবাজার লুট হয়নি। ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত শেয়ারবাজারে লুটপাট হয়েছে কি নাএমন প্রশ্ন তুলে তিনি বলেন, ১৯৯১ থেকে ১৯৯৬ সালেও শেয়ারবাজারে কোনো লুণ্ঠন হয়নি। সাইফুর রহমানের দক্ষ ব্যবস্থাপনার কারণেই এটি সম্ভব হয়েছিল।

রিজভী আরও বলেন, শেয়ারবাজারে কারা ফটকাবাজি করছে, সাইফুর রহমান তা বুঝতে পারতেন। প্রয়োজন অনুযায়ী তিনি লকইনসহ বিভিন্ন পদক্ষেপ নিতেন।

---

## এ বিভাগের আরও খবর




**ফুটপাত দখল, মাদক ও যানজটে নাজেহাল ঢাকা-৬! বৈঠকে ইশরাকের ক্ষোভ**

মাদক, যানজট, ফুটপাত দখল, ধোলাইখাল ট্রাকস্ট্যান্ড ও সদরঘাটের নানা সমস্যা নিয়ে ঢাকা-৬ আসনের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ক্ষোভ জানিয়েছেন মুক্তিযু...



**নারীর আর্থ-সামাজিক উন্নয়নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে: রিজভী**

নারীদের অধিকার নিশ্চিত করতে হলে তাদের শিক্ষার আলোয় আলোকিত ও আর্থিকভাবে স্বাবলম্বী হতে হবে। নারীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে সবাইকে একসঙ্গ...




**ফ্যাসিস্ট হাসিনার আমলে ভারতের সঙ্গে ১০১ চুক্তি পর্যালোচনা, □সবার আগে বাংলাদেশ□: চিফ হুইপ**
ফ্যাসিস্ট শেখ হাসিনার শাসনামলে ভারতের সঙ্গে হওয়া ১০১টি চুক্তি পর্যালোচনা করছে বর্তমান সরকার। এসব চুক্তির বিষয়ে শিগগিরই সিদ্ধান্ত নেওয়া হবে ব...

---



**নজরুলকে নিয়ে সংসদে বিরোধীদলীয় নেতা ও স্বরাষ্ট্রমন্ত্রীর বাকযুদ্ধ**
জাতীয় সংসদে বিরোধী দল থেকে বহিষ্কৃত সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে সংসদীয় কমিটিতে অন্তর্ভুক্তির বিষয়টি নিয়ে সরকারি ও বিরোধী দলের শীর্ষ নেতাদে...

---

Copyright Dhaka Probe